

🗏 আত-তাকভীর | At-Takwir | ٱلتَّكْوير

আয়াতঃ ৮১: ২২

আরবি মূল আয়াত:

وَ مَا صَاحِبُكُم بِمَجنُونٍ ﴿٢٢﴾

আর তোমাদের সাথী* পাগল নয়। — আল-বায়ান

(ওহে মাক্কাবাসী!) তোমাদের সঙ্গী (মুহাম্মাদ) পাগল নয়। — তাইসিরুল

এবং তোমাদের সহচর উন্মাদ নয়, — মুজিবুর রহমান

And your companion is not [at all] mad. — Sahih International

*মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)।

২২, আর তোমাদের সাথী উন্মাদ নন(১),

(১) এখানে সাথী বলতে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বুঝানো হয়েছে। যারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে উন্মাদ বলত এতে তাদেরকে জওয়াব দেয়া হয়েছে। অর্থাৎ তোমাদের এ ধারণা ঠিক নয় যে, কুরআনে যা কিছু বর্ণনা করা হচ্ছে এগুলো কোন পাগলের প্রলাপ বা শয়তানের বক্তব্য। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

২২। আর তোমাদের সাথী (মুহাম্মাদ) উন্মাদ নয়। [1]

[1] এই সম্বোধন হল মক্কাবাসীদের জন্য। আর 'সাথী' থেকে উদ্দেশ্য হল রসূল (সাঃ)। অর্থাৎ, তোমরা যে ধারণা কর, তোমাদের স্বগোত্রীয় ও স্বদেশী সাথী (মুহাম্মাদ (সাঃ)) পাগল - নাউযুবিল্লাহ - সে এমন নয়। একটু কুরআন পড়ে তো দেখ যে, কোন পাগল কি এমন ধরনের তথ্য ও তত্ত্ব বিবৃত করতে পারে এবং পূর্ববর্তী জাতির সত্য ঘটনা বলতে পারে; যা কুরআনে উল্লেখ হয়েছে?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5822

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন